# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১১৮৫২০১/নড়াইল-৪০/২৬১

তারিখ: ১৮ কার্তিক ১৪৩২ / ০৩ নভেম্বর ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নড়াইল জেলার সদর উপজেলাধীন কে ডি এম এস দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসার সুপার স্বেচ্ছাচারিতার মাধ্যমে এক পক্ষের মনোনয়নপত্র গ্রহণ না করে নির্বাচনে দায়িত্ব পালনকারী প্রিজাইডিং ভুল বুঝিয়ে সিলেকশন কমিটি গঠন করে নির্বাচন সম্পন্ন করেছেন মর্মে মোঃ মহসিন অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

৩.১১.২৫
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
সদর, নড়াইল।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১১৮৫২০১/নড়াইল-৪০/

তারিখ: ১৮ কার্তিক ১৪৩২ / ০৩ নভেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নড়াইল;
২. জেলা শিক্ষা অফিসার, নড়াইল;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নড়াইল;
৪. সভাপতি, কে ডি এম এস দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসা, ডাকঘর-হবখালী, সদর, নড়াইল;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, কে ডি এম এস দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসা, ডাকঘর-হবখালী, সদর, নড়াইল;
৬.জনাব মোঃ মহসিন (অভিযোগকারী), গ্রাম/রাস্তা: কাগজী পাড়া, ডাকঘর: হবখালী-৭৫০০, উপজেলা: নড়াইল সদর, জেলা: নড়াইল;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

০৩.১১.২৫
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

তারিখ: ২৮-০৯-২০২৫ খ্রি.

বরাবর
রেজিস্ট্রার,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২, অরফানেজ রোড, বকশীবাজার,
ঢাকা-১২১১।

**বিষয়: নড়াইল জেলার সদর উপজেলাধীন কেডিএমএস দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসা (১১৮৫২০) এর নবগঠিত কমিটি বাতিলের জন্য আবেদন প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোঃ মহসিন, পিতা- মোঃ মহিউদ্দিন, মাতা- মোছাঃ ছাকিরোন নেছা, গ্রাম/রাস্তা: কাগজী পাড়া, ডাকঘর- হবখালী - ৭৫০০, উপজেলা- নড়াইল সদর, জেলা- নড়াইল এই মর্মে অভিযোগ করছি যে, নড়াইল জেলার সদর উপজেলাধীন ২নং হবখালী ইউনিয়নের অধীন ৯নং ওয়ার্ডের কাগজীপাড়া গ্রামে বিগত ১৯৯৯ সালে "কেডিএমএস দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসা (১১৮৫২০)" টি স্থাপিত হয়ে অদ্যাবধি পাঠদান কার্যক্রম পরিচালনা করে আসছে। মাদ্রাসার প্রতিষ্ঠালগ্ন থেকেই সুপার পদে জনাব কে এম আফসার উদ্দিন দায়িত্ব পালন করে আসছেন। কিন্তু পরিতাপের বিষয়, মাদ্রাসার বিভিন্ন ধরনের অনিয়মের সাথে তিনি ওতপ্রোতভাবে জড়িত। সম্প্রতি মাদ্রাসার কমিটি নির্বাচনকে কেন্দ্র করে তিনি সম্পূর্ণ স্বেচ্ছাচারিতার ভিত্তিতে কমিটি গঠন করেছেন। ফলে এলাকাবাসীর মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। বিধি অনুযায়ী নির্বাচনের মাধ্যমে কমিটি গঠন করার বিধান থাকায় তিনি যথানিয়মে মনোনয়নপত্র বিক্রি করেন। কিন্তু একটি পক্ষ দ্বারা প্রভাবিত হয়ে অপর পক্ষের মনোনয়নপত্র জমা না নিয়েই প্রিজাইডিং অফিসারসহ নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাকে ভুল বুঝিয়ে সিলেকশন কমিটি গঠন করেছেন। সম্পূর্ণ নিয়ম বহির্ভূতভাবে কমিটি গঠন হওয়ায় এলাকাবাসী প্রচুর ক্ষুব্ধ হয়েছে। ফলে যে কোনো সময় রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা রয়েছে। এমতাবস্থায় বিধি মোতাবেক পুনরায় কমিটি গঠন করার লক্ষে অবৈধভাবে নির্বাচিত কমিটি বাতিলের আবেদন জানাচ্ছি।

অতএব জনাব সমীপে বিনীত নিবেদন, উপর্যুক্ত বিষয় সুবিবেচনাপূর্বক সুষ্ঠু তদন্তসাপেক্ষে কেডিএমএস দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসা (১১৮৫২০), নড়াইল সদর, নড়াইল- এর নবগঠিত কমিটি বাতিলকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক
মহসিন

**(মোঃ মহসিন)**
কাগজীপাড়া, হবখালী, নড়াইল সদর, নড়াইল।
এনআইডি নং- ৬৫১৭৬৪০১৫২৯৮২
মোবাঃ- ০১৯৪৭-৫৭৫২১৬, ০১৬৩৮-০৬৭১০৯ (Whatsapp)